

## নিম্ন মাধ্যমিক স্তরের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যসূচী কমিটির রিপোর্ট পেশ

জাহাঙ্গীর নগর বিদ্যবিষ্টা-  
লয়ের উপাচার্য এবং জাতীয়  
শিক্ষাক্রম ও পাঠ্যসূচী প্রণয়ন  
কমিটির চেরারম্ভান প্রফেসর  
জিল্লুর রহমান সিদ্ধিকী গত  
শনিবার সকালে প্রেসিডেন্টের  
উপদেষ্টা পরিষদের শিক্ষা মন্ত্রণা-  
লয়ের দায়িত্বে নিম্নোক্ত সদস্য  
প্রফেসরীসেন্স, আলী আহসা-  
নের নিকট কমিটির রিপোর্টের  
দ্বিতীয় খণ্ড পেশ করিয়াছেন।

এই খণ্ডে নিম্ন মাধ্যমিক স্তরের  
( ৬ষ্ঠ-৮ম শ্রেণীর ) শিক্ষাক্রম ও  
এর অন্তভুক্ত বিভিন্ন বিষয়ের  
বিস্তারিত পাঠ্যসূচী সন্ধিবেশিত  
হইয়াছে।

উল্লেখযোগ্য যে, কমিটির  
রিপোর্টের প্রথম খণ্ড ইতি-  
পূর্বেই রাষ্ট্রপতির নিকট পেশ  
করা হইয়াছে এবং তা সর-  
কারের অনুমোদন লাভ করি-  
য়াছে ও উহার সুপারিশসমূহ  
বাস্তবায়নের জন্য প্রয়োজনীয়  
ব্যবস্থা গৃহীত হইয়াছে। প্রথম  
খণ্ডে প্রাথমিক স্তরের ( ১ম-৫ম  
শ্রেণীর ) শিক্ষাক্রম ও বিভিন্ন  
বিষয়ের বিস্তারিত পাঠ্যসূচী  
আছে। খবর মুক্তির পৰিবর্ণ

তারিখ ... 15 / 8 / 77  
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 6 ...

018